

রূপালী ব্যাংক লিমিটেড
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়
ঢাকা।

সকল শাখা/অঞ্চলিক কার্যালয়/
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা
আরবিটিআই সহ প্রধান কার্যালয়ের
সকল বিভাগের প্রতি :

সার্কুলার নং : প্রকা/উন্নয়ন/০৮
তারিখ : ১৬-০৫-২০১১

**বিষয় :- “গ্রাহক সেবা এবং আমানত সংগ্রহ কর্মসূচী ” জুলাই-২০১১ পর্যন্ত বর্ধিত
করণ প্রসঙ্গে।**

অত্র ব্যাংকের Stable Deposit Base আমানত গড়ে তোলার লক্ষ্যে উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগের প্রকা/উন্নয়ন/০৩ নং ইস্তেহারের মাধ্যমে ১৫-০২-২০১১ হতে ১৪-০৫-২০১১ পর্যন্ত গ্রাহক সেবা ও আমানত সংগ্রহ কর্মসূচী পালন এবং শাখা/অঞ্চলে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদেরকে সম্পৃক্ত করে আমানত সংগ্রহের নিমিত্তে শাখার গ্রেড/অবস্থান অনুযায়ী নিম্নবর্ণিত হারে নতুন হিসাব খোলার নির্দেশ দেয়া হয় :-

ক্রমিক নং	শাখার গ্রেড/অবস্থান	হিসাব সংখ্যা
১.	স্থানীয় কার্যালয়	৩০০০
২.	কর্পোরেট শাখা (পুরাতন)	১৫০০
৩.	কর্পোরেট শাখা (নতুন)	১২০০
৪.	কর্পোরেট শাখা-২	১০০০
৫.	বিভাগীয় শহরে অবস্থিত শাখা	৮০০
৬.	জেলা সদরে অবস্থিত শাখা	৬০০
৭.	উপজেলা সদরে অবস্থিত শাখা	৪০০
৮.	অন্যান্য স্থানে অবস্থিত শাখা	৩০০

এপ্রিল-২০১১ ভিত্তিক অঞ্চল ও শাখাসমূহের নতুন হিসাব খোলার বিবরণী পর্যালোচনান্তে আমানত কর্মসূচীর মধ্যে শাখা/অঞ্চলসমূহ টার্গেট অর্জন করতে সক্ষম না হওয়ায় কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন। বিবরণী দেখে প্রতীয়মান হয় শাখা ও অঞ্চল প্রধানগণ নতুন হিসাব খোলার বিষয়ে যথাযথ পদক্ষেপ ও তদারকি করেননি।

এমতাবস্থায় সুষ্ঠু পরিকল্পনা ও তদারকির মাধ্যমে নতুন হিসাব খোলা ও আমানত সংগ্রহের লক্ষ্যে কর্তৃপক্ষের নির্দেশক্রমে “ গ্রাহক সেবা এবং আমানত সংগ্রহ কর্মসূচী ” জুলাই-২০১১ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

অতএব, সংশ্লিষ্ট শাখা ও অঞ্চল প্রধানগণকে সুষ্ঠু তদারকি ও মনিটরিং এর মাধ্যমে জুলাই-২০১১ এর মধ্যে অবশ্যই শাখার অবস্থান/গ্রেড অনুযায়ী নতুন হিসাব খোলার টার্গেট পূরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

(আবু মোঃ ছায়েদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ এনামুল ইসলাম খান)
মহাব্যবস্থাপক (উন্নয়ন)